=১=

ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৩। অনুমোদিত দরের কপি।
৪। প্রাক্কলন।

বিষয়ঃ Mass Cleaning of sewer line & manhole at Bangla sarak, Tin Mazar, Sher-e-Bangla Road, Rayer Bazar, North Jafrabad, Modhu bazar, Kaderabad area under MODS Zone-3, Dhaka WASA. অনুমোদন প্রসঙ্গে।

১) উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন বাংলা সড়ক, তিনমাজার, শেরে-ই-বাংলা রোড, রায়ের বাজার, উত্তর জাফরাবাদ, মধুবাজার, কাদেরাবাদ, সালেক রোড, শংকর, এবং ধানমন্ডি এলাকায় ঢাকা ওয়াসার পয়:লাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। বর্ণিত এলাকার পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই স্যুয়্যার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্তক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দুষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

২) উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত এলাকা বিদ্যমান পয়ঃলাইন মাস ক্লিনিং কাজে প্রয়োজনীয় সংখ্যক স্যুয়ার ক্লিনার নিয়োজিত করার জন্য অনুমোদিত দর (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳২,৯২,৮০০/- (দুই লক্ষ বিরানব্বই হাজার আটশত) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৪দ্রঃ)। কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধামে সমন্বয় করা হবে। **আলোচ্য কাজটি ঢাকা ওয়াসায় গঠিত টাস্কফোর্স টীম-৩ কর্তৃক মনিটরিং এর মাধ্যমে যথাযথভাবে বাস্তবায়ন করা হবে।** কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B.2(13) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা "ব্যবস্থাপনা পরিচালক" মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে Mass Cleaning of sewer line & manhole at Bangla sarak, Tin Mazar, Sher-e-Bangla Road, Rayer Bazar, North Jafrabad, Modhu bazar, Kaderabad area under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳২,৯২,৮০০/- (দুই লক্ষ বিরানব্বই হাজার আটশত) টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮২(১) অনুযায়ী **"Force Account"** অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ" (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B.2(13) হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

SDE
২২/৮/২৫
মোঃ জিয়া উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-০৩, ঢাকা ওয়াসা

২১/৮/২৫
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

নি. প্র.
21.8.25
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-1
CE
২২/০৮/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১ ঢাকা ওয়াসা।

২৫/৮
২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD (O&M)
MD.

৪/ অনু-৩ এর প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।
২৫/৮/২০২৫
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

১৭/৯/২৫
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ

১৮.০৯.২৫
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

CE

১৭১২
তাং ১৮/০৯/২০২৫

২৮২২
২৫/৮/২৫

CamScanner

SE (MODS-1)

23/04/2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

26/04/25

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

EE/2-3